সমকাল

তারিখ ...11 DEC 2016...
পৃষ্ঠা ...২০... কলাম ...৩...

# নিখোঁজ শিক্ষার্থীরা নজরদারিতে রয়েছে

—— স্বরাষ্ট্রমন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, মাদ্রাসাসহ সারাদেশে নিখোঁজ শিক্ষার্থীরা আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারিতে রয়েছে। গতকাল শনিবার রাজধানীর গুলশানের একটি হোটেলে ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের বিশেষ বর্ধিত সভায় মন্ত্রী এ কথা বলেন।

ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সভাপতি একেএম রহমত উল্লাহর সভাপতিত্বে সভায় সাধারণ সম্পাদক সাদেক খান, সহসভাপতি শেখ বজলুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

নিখোঁজদের খুঁজে পাওয়ার বিষয়ে আশাবাদ ব্যক্ত করে আসাদুজ্জামান খান কামাল বলেন, জঙ্গিদের খুঁজে বের করতে কাজ করে যাচ্ছে আইন-শৃঙ্খলা বাহিনী। মাদ্রাসার অনেক শিক্ষার্থী নিজের ইচ্ছায় পরিবার থেকে বিচ্ছিন্ন রয়েছে।